

কৃষি অনুষদ

পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

দুমকি, পটুয়াখালী-৮৬০২, বাংলাদেশ।

টেলিফোন : ৮৮০-৪৪২৭-৫৬০০৩।

ই-মেইল : deanagriculture@pstu.ac.bd



Faculty of Agriculture

Patuakhali Science and Technology University

Dumki, Patuakhali-8602, Bangladesh.

Telephone : 880-4427-56003.

E-mail : deanagriculture@pstu.ac.bd

স্মারক নং-পবিপ্রবি/কৃ.অ.-০১(রেজু.)/২০১৩/

তারিখ : ২১/০৬/২০২১ খ্রি.

বিষয়: ২১/০৬/২০২১ খ্রি. তারিখে ডিন কাউন্সিলের সভার কার্যবিবরণী।

এ বিশ্ববিদ্যালয়ের ডিন কাউন্সিলের সভা ২১.০৬.২০২১ খ্রি. তারিখ সকাল ১১:০০ টায় প্রফেসর মোহাম্মদ আলী, কনভেণর ডিন কাউন্সিল, এর সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্নোক্ত সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

ক্রঃ নং	নাম, পদবী ও অনুষদ	স্বাক্ষর
১.	প্রফেসর মোহাম্মদ আলী, ডিন, এগ্রিকালচার অনুষদ	অস্পষ্ট
২.	প্রফেসর ড. মুহাম্মদ আবু বকর সিদ্দিক, ডিন, ফিশারিজ অনুষদ	অস্পষ্ট
৩.	প্রফেসর ড. আহমেদ পারভেজ, ডিন, এনভায়রনমেন্টাল সায়েন্স এন্ড ডিজাস্টার ম্যানেজমেন্ট অনুষদ	অস্পষ্ট
৪.	প্রফেসর ড. দিলরুবা ইয়াসমিন বার্না, কোর্স কো-অর্ডিনেটর, নিউট্রিশন এন্ড ফুড সায়েন্স অনুষদ	অস্পষ্ট
৫.	প্রফেসর ড. মোঃ আহসানুর রেজা, ডিন, এ্যানিমাল সায়েন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন অনুষদ	অস্পষ্ট
৬.	প্রফেসর ড. মোঃ ফজলুল হক, ডিন, পোস্টগ্রাজুয়েট স্টাডিজ	অস্পষ্ট

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় আলোচ্যসূচী অনুযায়ী বিস্তারিত আলোচনাস্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

সিদ্ধান্তসমূহ :

১. দেশের সার্বিক করোনা পরিস্থিতি অবনতি হওয়ায় এবং দেশের উত্তর ও দক্ষিণ পশ্চিম অঞ্চলের জেলায় বসবাসরত কৃষি অনুষদের ২য়, ৪র্থ ও ৬ষ্ঠ সেমিস্টারের ছাত্র-ছাত্রীরা স্ব-শরীরে পরীক্ষায় অংশ গ্রহণ করতে মোবাইলে ও লিখিতভাবে অপারগতা জানায় বিধায় তাদের F-Removal পরীক্ষাসমূহ না নেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।
২. যে সকল অনুষদে স্নাতক পর্যায়ে বিভিন্ন সেমিস্টারের রিপোর্ট/F-Removal পরীক্ষায় ছাত্র-ছাত্রীর সংখ্যা কম এবং স্ব-শরীরে পরীক্ষা দিতে আপত্তি/অপারগতা না থাকলে তাদের পরীক্ষাসমূহ নির্ধারিত মুচলেকাপত্রে স্বাক্ষর করে স্ব-স্ব ডিন অফিসে জমা দিয়ে স্বশরীরে বিশ্ববিদ্যালয়ে উপস্থিত হয়ে পর্যায়ক্রমে সেমিস্টার অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।
৩. সেমিস্টারের রিপোর্ট/F-Removal স্ব-শরীরে পরীক্ষা সমাপ্ত হওয়ার পরে নিয়মিত সেমিস্টার ফাইনাল পরীক্ষা স্ব-স্ব ডিন (অনলাইন/ইনপার্সোন) ছাত্র-ছাত্রীদের সাথে আলোচনা করে গ্রহণের ব্যবস্থা করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

প্রফেসর মোহাম্মদ আলী
কনভেণর, ডিন কাউন্সিল
ও
ডিন, কৃষি অনুষদ

অনুলিপি ও প্রয়োজনীয় কার্যার্থে বিতরণ:

০১. ডিন,অনুষদ, পবিপ্রবি।

০২. রেজিস্ট্রার, পবিপ্রবি।

০৩. সহকারী রেজিস্ট্রার, ভাইস-চ্যান্সেলর মহোদয়, (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় জ্ঞাতার্থে) পবিপ্রবি।

০৪. অফিস নথি।



Patuakhali Science and Technology University

এ্যানিম্যাল সায়েন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন অনুষদ

পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

বাবুগঞ্জ, বরিশাল।

ফোন নং-০৪৩২৭-৭৩৩৪৭, ৭৩৩৮৭

অঙ্গীকারনামা

আমি নিম্নস্বাক্ষরকারী এই মর্মে অঙ্গীকার করছি যে, পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের এনিম্যাল সায়েন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন অনুষদের ডিভিএম ৬ষ্ঠ সেমিস্টারের (জুলাই-ডিসেম্বর, ২০১৯) অনুষ্ঠিতব্য F-removal পরীক্ষায় স্ব-শরীরে অংশগ্রহণের জন্য পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সিদ্ধান্ত মোতাবেক সকল শর্ত মেনে নিজ দায়িত্বে আবাসন ব্যবস্থা করে সকল স্বাস্থ্য বিধি মেনে পরীক্ষায় অংশগ্রহণ করব। কোন কারণে পরীক্ষা চলাকালীন সময়ে আমি অসুস্থ হলে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোনভাবেই দায়ী থাকবে না।

পরীক্ষার্থীর নাম, স্বাক্ষর ও তারিখ	ফ	
পিতার নাম	ফ	
মাতার নাম	ফ	
আইডি নাম্বার	ফ	
রেজিস্ট্রেশন নাম্বার	ফ	
সেশন	ফ	
সেমিস্টার ও পরীক্ষার নাম	ফ	
ডিসিপ্লিন	ফ	